মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

২০১৮ সালের এসএসসি পরীক্ষার বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-মাধ্য/পনি/৬৩/৬১ — তারিখ : ২৫/১০/২০১৭ খ্রিঃ

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর আওতাধীন অনুমোদিত সকল মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যশোর শিক্ষা বোর্ডের অধীনে ২০১৮ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার online এ পরীক্ষার্থী নির্বাচন (e-ES), প্রয়োজনীয় ফিস জমা দেয়ার তারিখ, ফিস এর হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হ'ল।

ক্রমিক	বিবরণ	তারিখ
১.	রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন এবং আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী (যার ক্ষেত্রে যতটি প্রযোজ্য) হিসাবে পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ : নোট ঃ যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল ছাত্র/ছাত্রীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়।	৩১/১০/২০১৭
২.	নির্বাচনী পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ :	০৫/১১/২০১৭
৩.	২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশন কেবল এক বিষয়ে (৪র্থ বিষয় ছাড়া) অকৃতকার্য শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ নবায়নের শেষ তারিখ :	১১/১১/২০১৭
৪.	স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের Sub Domain এর Student Management এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন	০৬/১১/২০১৭
৫.	প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন ও বিলম্ব ফিস ছাড়া "সোনালী সেবার" মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার শেষ তারিখ : উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় বিদ্যালয় প্রধানকে বহন করতে হবে। (খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে। প্রয়োজনে চাহিবামাত্র তা বোর্ডে জমা দিতে হবে।	০৭/১১/২০১৭ থেকে ১৩/১১/২০১৭
৬.	পরীক্ষার্থী প্রতি ১০০/-(একশত টাকা) হারে বিলম্ব ফি সহ **"সোনালী সেবার"** মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার শেষ তারিখ :	১৪/১১/২০১৭ থেকে ১৮/১১/২০১৭
৭.	**ফিসের যাবতীয় অর্থ জমাদান :** যশোর শিক্ষা বোর্ডের Website এর Home Page এ **"Sonali Seba"** মেন্যুতে ক্লিক করলে ফি প্রদানের জন্য "সোনালী সেবা" ফরম পাওয়া যাবে। ফরমটির তথ্যাদি পূরণ করে Save Button এ ক্লিক করলে ফিস জমাদানের রশিদ পাওয়া যাবে। ০১ কপি রশিদ প্রিন্ট করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা প্রদান করে ব্যাংক স্বাক্ষরিত রশিদের একটি কপি সংরক্ষণ করতে হবে। বিস্তারিত ম্যানুয়ালে পাওয়া যাবে।	
৮.	ইতিপূর্বে online এ নিবন্ধনের জন্য স্ব-স্ব প্রতিষ্ঠানে প্রদত্ত password ব্যবহার করে পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। বিস্তারিত ম্যানুয়ালে (e-ES) পাওয়া যাবে।	

০২। বিভিন্ন প্রকার ফিসের হার : ক) পরীক্ষা ফিস :

পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার্থীর ফি (প্রতিপত্র)/ বিষয়	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র /বিষয়)	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী)	সনদপত্র ফি (প্রতি পরীক্ষার্থী)	রিটেনশন ফি (প্রতি পরীক্ষার্থী)	অনুমতি/ অন্তর্ভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী)	বয়স্কাউট/গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতিপরীক্ষার্থী)	ক্রীড়া মঞ্জুরী ফি (প্রতি প্রতিষ্ঠান)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
নিয়মিত পরীক্ষার্থী	৮০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	-	--	১৫.০০	৫.০০	৩০০.০০
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি	৮০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	১০০.০০	--	১৫.০০	৫.০০	
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে	৮০.০০	৩০.০০	৩৫.০০	--	১০০.০০	--	১৫.০০	৫.০০	
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী	৮০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	-	১০০.০০	১৫.০০	৫.০০	

২য় পাতায়

*** ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্র সচিব ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/-(পাঁচ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/-(পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব প্রতিষ্ঠানে **অনুষ্ঠিত হবে**, এ ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার ফি ২৫/- টাকা হবে, যার বিভাজন কেন্দ্র ০৭/- (সাত) টাকা, প্রতিষ্ঠান ১৮/- (আঠারো) টাকা হবে।

খ) **বিলম্ব ফিস :** প্রতি পরীক্ষার্থী (যার ক্ষেত্রে প্রযোজ্য) ১০০.০০ (একশত) টাকা।

গ) **কেন্দ্র ফিস :** (সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব বরাবর জমা দিতে হবে)
১) সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (জনপ্রতি) ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা।
২) সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (জনপ্রতি) ৩০০.০০ (তিনশত) টাকা।
উল্লেখ্য, শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত ফি এর বেশি ফি কোন অজুহাতেই আদায় করা যাবে না।

ঘ) কেবলমাত্র যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখার "সোনালী সেবার" মাধ্যমে ফিস গ্রহণ করা হবে। গৃহীত ফিস কোনক্রমেই ফেরতযোগ্য নয়। পরীক্ষার ফিস বাবদ প্রাপ্য টাকার কম পরিমাণ জমা দিলে আনুপাতিক হারে বিলম্ব ফিস দিতে হবে।

৩। **পরীক্ষার মাধ্যম :** বাংলা/ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। ইংরেজি ভার্সনে পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সনে পরীক্ষার্থী থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের "ছক" অনুযায়ী দুই কপি তালিকা উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ০৫/১১/২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

"ছক"

ক্রমিক নং	শিক্ষা বর্ষ	শাখা	বিষয়	বিষয় কোড	পরীক্ষার্থীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬

৪। **নিয়মিত পরীক্ষার্থী :**
২০১৬-২০১৭ সনের রেজিস্ট্রেশনধারী ছাত্র/ছাত্রীগণ ২০১৮ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করবে। ২০১৮ সনের এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণে যোগ্য সকল পরীক্ষার্থী ঐচ্ছিক বিষয়ের সুবিধা পাবে।

৫। **অনিয়মিত পরীক্ষার্থী :**

ক) ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী ছাত্র/ছাত্রী যারা ২০১৬ এবং ২০১৭ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য করা যাবে না।

খ) ২০১৭ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশ গ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ঐচ্ছিক (৪র্থ) বিষয় বাদে ০১(এক) থেকে ০৪(চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৮ সনের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/ বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তবে তারা ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৬ সনের এসএসসি পরীক্ষায় ঐচ্ছিক (৪র্থ) বিষয় বাদে ০১(এক) থেকে ০৪(চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০১৭ সনের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশন মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সনের পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহের অথবা সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ঐচ্ছিক (৪র্থ) বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

ঘ) রেজিস্ট্রেশন নবায়ন : ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী অথচ চতুর্থ বিষয় বাদে এক বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ, তারা বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন মেয়াদ কেবল মাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০১৮ সনের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। পরীক্ষায় তাদের অংশ গ্রহণকৃত বিষয়/ বিষয়সমূহের জিপিএ/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপিএ-র সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

ঙ) রেজিস্ট্রেশন নবায়ন প্রক্রিয়া : ঘ. এ উল্লেখিত রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থী নির্বাচনের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২০০/- (দুই শত) টাকা হারে সোনালী ব্যাংকের **"সোনালী সেবার"** মাধ্যমে জমাদান পূর্বক প্রাপ্ত রশিদের ফটোকপিসহ নিম্নের ছক অনুযায়ী দুই কপি তালিকা, মূল রেজিস্ট্রেশন কার্ড ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীর টেবুলেশন শীটের সত্যায়িত **ফটোকপিসহ বিদ্যালয় পরিদর্শক এর দপ্তরে ১৮/১১/২০১৭ তারিখের মধ্যে জমা দিয়ে নবায়নকৃত রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে। নবায়নকৃত রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি জমা দিয়ে পরীক্ষার্থীদের প্রবেশপত্র** মাধ্যমিক শাখা হতে সংগ্রহ করতে হবে।

পূর্ববর্তী পরীক্ষার সন ও রোল	পরীক্ষার্থীর নাম ও পিতার নাম, মাতার নাম	রেজিস্ট্রেশন নম্বর ও শিক্ষাবর্ষ	যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজিস্ট্রেশনকৃত তার নাম	অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর
১	২	৩	৪	৫

৩য় পাতায়

৬। ০১/০১/২০১৮ তারিখে ১৪ (চৌদ্দ) বছরের কম অথবা ২০ (বিশ) বছরের উর্দ্ধ বয়সী কোন ছাত্র/ছাত্রী ২০১৮ সালের মাধ্যমিক পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৭। নিবন্ধনবিহীন/নিবন্ধনের সময়সীমা উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা পরীক্ষায় অংশ গ্রহণ করতে পরবে না। সম্ভাব্য তালিকায় **(probable list)**-এ তাদের নাম **online**-এ প্রেরণ করা হবে না।

৮। **জিপিএ উন্নয়ন :** কেবলমাত্র ২০১৭ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে ২০১৮ সনের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০১৮ সনে জিপিএ উন্নয়ন না হলে পূর্বের জিপিএ বহাল থাকবে। যে সকল পরীক্ষার্থী ২০১৬ সনের এসএসসি পরীক্ষায় এক থেকে চার বিষয়ে (ঐচ্ছিক বিষয় বাদে) অকৃতকার্য হয়ে ২০১৭ সনে এসএসসি পরীক্ষায় উক্ত বিষয় বা বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে, তারা ২০১৮ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়ন অংশ গ্রহণ করতে পারবে না।

৯। **বহিস্কৃত পরীক্ষার্থী :** বহিস্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৮ সনের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০। **চতুর্থ বিষয়ের সুবিধা :** ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০১৬ ও ২০১৭ সনের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০১৮ সনের পরীক্ষা দিলে ঐচ্ছিক (৪র্থ) বিষয়ের সুবিধা পাবে

২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ **শিক্ষাবর্ষের** রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা যারা ২০১৬ ও ২০১৭ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ঐচ্ছিক (৪র্থ) বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং এক থেকে চার বিষয়ে অকৃতকার্য হয়ে ২০১৮ সনে এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে, তারা ঐচ্ছিক (৪র্থ) বিষয়ের সুবিধা পাবে।

১১। **পরীক্ষায় অংশগ্রহণের বিষয়/বিষয়সমূহ :** শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত বিষয়/বিষয়সমূহেই তাকে পরীক্ষায় **অংশগ্রহণ করতে হবে। বোর্ডের অনুমতিক্রমে বিষয় পরিবর্তন না করে রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশপত্র বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করলে অংশগ্রহণকৃত উক্ত বিষয়/বিষয়সমূহ বাদ দিয়েই তার ফল প্রকাশ করা হবে।**

১২। অত্র বোর্ডের অধীনে কেহই এসএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষা দিতে পারবে না।

১৩। **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন :** কোন অবস্থাতেই এক শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী অন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা/মাতা/অভিভাবকের বদলি **online**-এ ফরম পূরণের সময় বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীর নাম তালিকাভুক্ত করা না গেলে সেক্ষেত্রে বোর্ডের অনুমতিক্রমে বিদ্যালয় পরিবর্তনকারী পরীক্ষার্থীকে বিদ্যালয় পরিদর্শক কর্তৃক ছাড়পত্র **(T.C)** এর সত্যায়িত ফটোকপিসহ পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট ২ কপি আবেদন জমা দিতে হবে।

১৪। **স্ক্রাইব নিয়োগ :** বোর্ডের অনুমতিক্রমে কোন অন্ধ প্রতিবন্ধী, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থী স্ক্রাইব (শ্রুতি লেখক) সংগে নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে চাইলে তার ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে শ্রুতি লেখক ২০১৮ সালে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত হতে হবে। এ ধরনের পরীক্ষার্থীদের জন্য অতিরিক্ত ২০ মিনিট সময় বৃদ্ধির বিধান কার্যকর থাকবে। পরীক্ষার্থীকে অবশ্যই বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উল্লেখিত বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে ডাক্তারের সনদ/প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজ সেবা দপ্তরের পরিচয় পত্র, রেজিস্টেশন কার্ডের ফটোকপি, আবেদনকারী ও স্ক্রাইব (শ্রুতি লেখক) উভয়ের পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি করে সত্যায়িত ছবি এবং শ্রুতি লেখক অভিভাবকের সম্মতিপত্র ও প্রধান শিক্ষক কর্তৃক ৮ম শ্রেণিতে অধ্যয়নের প্রত্যয়নপত্র আগামী ১০-০১-২০১৮ তারিখের মধ্যে মাধ্যমিক পরীক্ষা দপ্তরে জমা দিতে হবে।

১৫। পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কোন অভিযোগ দায়ের করতে হলে অভিযোগকারীকে (সোনালী ব্যাংকের **"সোনালী সেবার"** মাধ্যমে ৫০০০/- (পাঁচ [redacted] হাজার) টাকা ফিস জমা দিতে হবে।

১৬। স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটের সকল মেন্যুতে তথ্য আপলোড এবং হালনাগাদ না থাকলে পরীক্ষার্থী নির্বাচন (e-ES) করা যাবে না।

১৭। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৮ সনের এসএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

১৮। পাঠ্যসূচি :

ক) ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

খ) ২০১৫-২০১৬ এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৮ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গ) নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মুল্যায়নের প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবেন।

৪র্থ পাতায়

১৯। পুনঃনিরীক্ষা ঃ পরীক্ষার্থী যে সকল বিষয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষার আবেদন করতে ইচ্ছুক, তাদেরকে ফলাফল প্রকাশের পর আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সিদ্ধান্তের আলোকে নির্ধারিত সময়সীমার মধ্যে টেলিটকের মাধ্যমে SMS করতে হবে। কোন ক্রমেই হাতেহাতে আবেদন বোর্ডে জমা নেয়া হবে না।

২০। মাধ্যমিক পরীক্ষায় কোন পরীক্ষার্থীর পরীক্ষা নিজ প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

২১। **নির্বাচনী পরীক্ষা :**
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামুলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছেন তাদের নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য।

২৫/১০/১৭

মাধব চন্দ্র রুদ্র
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন ঃ ০৪২১-৬৮৬৬৬
মোবা ঃ ০১৭৩৩-২২২০০৩
ই-মেইল: controller@jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি নং-মাধ্য/পনি/এসএসসি/৬৩/৬১ তারিখ ঃ ২৫/১০/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
৫। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/যশোর।
৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর।
৭। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর।
৮। পুলিশ সুপার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
৯। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, যশোর শিক্ষা বোর্ড কম্পিউটার সেল, ডাক : যশোর শিক্ষা বোর্ড, জেলা : যশোর।
১০। জেলা শিক্ষা অফিসার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
১১। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
১২। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
১৩। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক।
১৪। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা/সেকশন অফিসার।

২৫/১০/১৭

সৈয়দ রকিবুল ইসলাম
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০৪২১-৬৫৫১০